



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌ পরিবহণ অধিদপ্তর
১৪১-১৪৩ মতিঝিল বা/এ (৮ম তলা)
ঢাকা-১০০০

ফোন : ৯৫১৩৩০৫
ফ্যাক্স : ৯৫৮৭৩০১
ই-মেইল : info@dos.gov.bd
ওয়েব সাইট : www.dos.gov.bd

নং - ১৮.১৭.০০০০.৪০০.০১.০০১.১৬/২১৩১

তারিখ : ৬/৫/২০১৮ খ্রিঃ

সাকুলার

এতদ্বারা সকল শ্রেণীর নৌযান মালিক, ম্যানেজার, মাস্টারসহ সার্ভে সংক্রান্ত কর্মকান্ডের সাথে জড়িত সকলের দৃষ্টি আকর্ষণ করে জানানো যাচ্ছে যে, এখন থেকে যে সকল অভ্যন্তরীণ মালবাহী/যাত্রীবাহী/তেলবাহী নৌযানের মালিকপক্ষ তাদের নৌযান সমূহ সরকারী নীতিমালা অনুসরণ করে উপকূল অতিক্রম অথবা ভারত-বাংলাদেশ নৌ চলাচল প্রটোকল চুক্তির আওতায় চলাচল করার ইচ্ছা পোষণ করবে সে সকল নৌযানসমূহের মালিকপক্ষ বাৎসরিক সার্ভের জন্য আবেদনপত্র জমা দেওয়ার সময় একত্রে সকল সার্ভের জন্য আবেদন করতে পারবেন।

এ ধরনের প্রতিটি নৌযান সার্ভের জন্য আবেদনপত্র জমা নেওয়ার সময় মালিকপক্ষ নিম্নলিখিত ডকুমেন্টসহ প্রয়োজনীয় সরকারী ফি ও কাগজপত্র জমা দিয়েছে কিনা ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ারগণ তা নিশ্চিত করবেন।

- (১) অভ্যন্তরীণ নৌ চলাচল অধ্যাদেশ ১৯৭৬ এর ১১(২) ধারার বিধান অনুযায়ী সার্ভে মেয়াদ শেষ হওয়ার ৩০(ত্রিশ) দিন পূর্বে প্রয়োজনীয় সমস্ত ফি প্রদান পূর্বক সার্ভেয়ারের নিকট আবেদনপত্র জমা দিতে হবে। উক্ত সময়ের মধ্যে যে সকল নৌযান মালিক আবেদন জমা দিতে ব্যর্থ হবেন তাদের নিকট থেকে প্রতিদিনের জন্য ১০০/- টাকা হারে জরিমানা গ্রহণ করতে হবে।
- (২) প্রতিটি সার্ভের জন্য আবেদনপত্র জমা নেওয়ার সময় ঘোষণাপত্রে উল্লেখিত সংলগ্নীসমূহ এবং প্রয়োজনীয় ফি গ্রহণ করা হয়েছে কিনা নিশ্চিত হয়ে আবেদন জমা নিতে হবে।
- (৩) সংশ্লিষ্ট সার্ভেয়ার মালিকপক্ষের আবেদন অনুযায়ী একইসাথে বাৎসরিক সার্ভের পাশাপাশি বে-ক্রসিং/ভারত-বাংলাদেশ প্রটোকল চুক্তির নৌযানসমূহ সার্ভে করবেন। ভবিষ্যতে একই জাহাজ প্রয়োজন না হলে একাধিকবার সার্ভে করা যাবে না।
- (৪) উপকূল অতিক্রম এবং ভারতে গমনকারী নৌযানসমূহের জন্য যে সকল প্রয়োজনীয় ডকুমেন্ট ও যন্ত্রপাতি নৌযানে রাখার বাধ্যবাধকতা রয়েছে তা নিশ্চিত করতে হবে;
- (৫) সকল ধরনের নৌযান সার্ভের জন্য আলাদা আলাদাভাবে টাস্ক নম্বর গ্রহণ করতে হবে এবং ৭(সাত) দিনের মধ্যে নৌযানটির সার্ভে কার্যক্রম সম্পন্ন করতে হবে।
- (৬) সরেজমিনে নৌযান পরিদর্শন/সার্ভে করে সন্তোষজনক না পাওয়া পর্যন্ত ত্রুটি রেখে সার্ভে ঘোষণাপত্র প্রেরণ করা যাবে না।
- (৭) যাত্রীবাহী ও তেলবাহী নৌযানের জন্য ২(দুই) বছর এবং মালবাহী নৌযানের জন্য প্রতি ৪(চার) বছর অন্তর ড্রাই ডকিং করার যে বাধ্যবাধকতা রয়েছে তা কঠোরভাবে অনুসরণ করতে হবে।
- (৮) ড্রাই ডকিং করার সময় কি কি কার্যাদি সম্পন্ন করা হয়েছে তার বিবরণ সম্বলিত ডকিং সনদ এবং ডকিং অবস্থার ফটোগ্রাফ জমা নিতে হবে।
- (৯) দেশের ভাবমূর্ত্তি ক্ষুণ্ণ হয় এমন কোন ত্রুটি রেখে নৌযানের সার্ভে প্রদান করা যাবে না।
- (১০) বাৎসরিক সার্ভের সময় সংশ্লিষ্ট মালিক সমিতির সদস্য পদ আছে কিনা নিশ্চিত হতে হবে।
- (১১) সার্ভে/রেজিস্ট্রেশন সংশ্লিষ্ট সকল কার্যক্রম মালিক নিজে অথবা মালিক কর্তৃক নির্ধারিত উপযুক্ত প্রতিনিধির মাধ্যমে সম্পাদন করবেন।

কমডোর সৈয়দ আরিফুল ইসলাম (ট্যাজ), এনডিসি, পিএসসি, বিএন

মহাপরিচালক

বিতরণ :

- ১। ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার, ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ারের কার্যালয়, সদরঘাট, ঢাকা।
- ২। ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার, ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ারের কার্যালয়, বরফকল ঘাট, নারায়নগঞ্জ।
- ৩। ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার, ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ারের কার্যালয়, ৮৭/৮৪ জর্ডন রোড, বরিশাল।
- ৪। ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার, ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ারের কার্যালয়, পুরাতন মংলা প্রশাসনিক ভবন, টাউন খালিশপুর, খুলনা।
- ৫। ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার, নৌ বাণিজ্য অফিস, সিজিও ভবন, আগ্রাবাদ, চট্টগ্রাম।

অঃপুঃ